গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(আইসিটি শাখা)
www.rangpurdiv.gov.bd

## সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী:

আহবায়ক : মোঃ হাবিবুর রহমান
বিভাগীয় কমিশনার, রংপুর।
তারিখ : ২০.০৬.২০২৩ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এঁর সম্মেলন কক্ষ।

সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৭ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) অনুযায়ী স্ব স্ব দপ্তর থেকে সকলে সেবা পাচ্ছে কিনা এবং প্রদত্ত সেবার মানোন্নয়নের বিষয়ে সকলের সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন। সভাপতি বলেন মানুষকে সেবা প্রাপ্তির জন্য যেন আর অপেক্ষা করতে না হয় সে বিষয়ে সকল দপ্তরের সরকারি কর্মকর্তা/কর্মচারীকে সজাগ থাকতে হবে। নির্ধারিত সময়ে সরকার নির্ধারিত খরচে নির্বিঘ্নে সেবা প্রদান নিশ্চিত করাই সেবা প্রদান প্রতিশ্রুতির মূল উদ্দেশ্যে। এজন্য তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি ও সরকারি সেবাসমূহ জনগণের মাঝে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে জনগণকে আরও সচেতন করতে সুশীল সমাজের প্রতিনিধি ও জনপ্রতিনিধিবৃন্দ গুরত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রদান পদ্ধতিতে স্বচ্ছতা আনয়ন, সেবা প্রাপ্তি সুলভ ও সহজ করা সরকারি দপ্তরসমূহের মূল দায়িত্ব। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদানের ক্ষেত্রে আরও আন্তরিক ও দায়িত্বশীল হতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করতে হবে। সবোর্পরি সরকার নির্ধারিত সময়ে সুলভ ও সহজ পদ্ধতিতে নির্ধারিত খরচে ভোগান্তিবিহীন সরকারি সকল সেবা প্রদানের জন্য আরও আন্তরিক হওয়ার অনুরোধ করেন। ।

০২। সভায় উপস্থিত সদস্যগণকে তাদের কার্যালয়ে সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত চলমান কর্মসূচির তথ্যাদি জানতে চাওয়া হলে সদস্যগণ স্ব-স্ব প্রতিষ্ঠানে চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং এ বিষয়ে তাদের সুচিন্তিত মতামত উপস্থাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ: | মাঠ প্রশাসনের সকল দপ্তরের ( উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়,বিভাগীয় কমিশনারের কার্যালয়) এর সিটিজেন চার্টার সমন্ধে আলোচনা হয়। সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবপোর্টালে আপলোড করতে হবে। এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে সে বিষয়ে অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>জেলা প্রশাসক (সকল) ও বিভাগীয় কমিশনারের কার্যালয়,<br>রংপুর বিভাগ, রংপুর। |
| ০২ | স্ব স্ব কার্যালয়ে সেবাদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন | সভায় স্ব-স্ব কার্যালয়ে সেবাদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়ন করে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়। সেবাদান প্রতিশ্রুতি স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থাকরণসহ ওয়েব পোর্টালে আপলোড করার জন্যও অনুরোধ করা হয়। | সেবাদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং সেবাদান প্রতিশ্রুতি/ Citizen Charter) স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।<br><br>সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন: | সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) রংপুর বিভাগ/ সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ। |
| ০৪ | সেবা প্রাপ্তি সহজীকরণ: | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক সেবা নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়। | সেবাদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক সেবা নিশ্চিত করতে হবে। | সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) রংপুর বিভাগ |
| ০৫ | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন: | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে অংশীজনের (কর্মকর্তা/কর্মচারী, শিক্ষাবিদ, রাজনৈতিক ব্যক্তিত্ব, স্থানীয় সুধীজন) সমন্বয়ে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে অংশীজনের (কর্মকর্তা/কর্মচারী, শিক্ষাবিদ, রাজনৈতিক ব্যক্তিত্ব, স্থানীয় সুধীজন) সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) রংপুর বিভাগ/ সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ। |

অত:পর আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ হাবিবুর রহমান
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।
ফোনঃ ০২৫৮৮৮১২০০১ (অফিস)
ই-মেইল divcomrangpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(আইসিটি শাখা)
www.rangpurdiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৫.০৬.০০৬.২০.৮২৫

তারিখ: ১২ আষাঢ় ,১৪৩০ বঙ্গাব্দ / ২৬ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)/(রাজস্ব), রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক............................................ (সকল), রংপুর বিভাগ, রংপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার সাধারণ শাখা/রাজস্ব শাখা/সংস্থাপন শাখা/আইসিটি শাখা/নেজারত শাখা/হিসাব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।

26/06/2023

(মো:মেহেদী হাসান)
সিনিয়র সহকারী কমিশনার
ফোন- ০২৫৮-৮৮১২০০৯ (অফিস)
ই-মেইল:ictrangpurdiv@gmail.com